দৈনিক জনকণ্ঠ

11 MAR 2016
তারিখ 10 MAR 2016
পৃঃ 2 কলাম 7

# ইউনেস্কোর ডিজি পদে বাংলাদেশের সমর্থন চায় কাতার

কূটনৈতিক রিপোর্টার ॥ জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি সংস্থার (ইউনেস্কো) মহাপরিচালক পদে নির্বাচনে বাংলাদেশের সমর্থন চেয়েছে কাতার। দেশটির প্রার্থী হিসেবে আমিরের সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা ড. হামাদ বিন আবদুল আজিজ আল-কাওয়ারি ইউনেস্কোর পরবর্তী মহাসচিব পদে প্রতিদ্বন্দ্বিতা করার আগ্রহ প্রকাশ করেছেন। আগামী ২০১৭ সালে ইউনেস্কো মহাসচিব পদে নির্বাচন হবে। দোহার বাংলাদেশ দূতাবাস এ তথ্য জানিয়েছে।

কাতারে বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমেদ গত বুধবার ড. হামাদ বিন আবদুল আজিজ আল-কাওয়ারির সঙ্গে সৌজন্য সাক্ষাত করতে গেলে তিনি ওই সমর্থন চান। কাতারের আমিরের এই উপদেষ্টা শীঘ্রই বাংলাদেশে আসবেন এবং সরকারের শীর্ষ প্রতিনিধিদের সঙ্গে সাক্ষাত করবেন। সে সময়ই তাঁর প্রার্থীতার প্রতি বাংলাদেশের সমর্থন দেওয়ার বিষয়টি চূড়ান্ত হতে পারে।

দোহায় বাংলাদেশ দূতাবাস জানায়, কাতারের আমিরের উপদেষ্টা ড. হামাদ বিন আবদুল আজিজ আল-কাওয়ারির আমন্ত্রণে রাষ্ট্রদূত আসুদ আহমেদ তার সঙ্গে সাক্ষাত করেছিলেন। কাওয়ারি তাকে কেবল তার দেশ নয়, আন্তর্জাতিক সম্প্রদায় ও বিশেষ করে মুসলিম বিশ্বের জন্য শিল্প, সংস্কৃতি ও ইসলামী ঐতিহ্যের উন্নয়নে নিজের ভূমিকার কথা রাষ্ট্রদূতের কাছে তুলে ধরেন।